



## আন্দোলনরত প্রাথমিক শিক্ষকদের আশ্বস্ত করলেন সচিব

প্রকাশিত: ২০ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || বেতন বৈষম্য নিরসনে আন্দোলনরত সরকারী প্রাথমিক শিক্ষকদের আশ্বস্ত করেছেন অর্থ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব। অর্থ মন্ত্রণালয়ের ঘোষণা প্রত্যাখ্যান করে শিক্ষকদের আন্দোলনের মধ্যে মঙ্গলবার এক বৈঠকে ১৩তম গ্রেডে শিক্ষকদের বেতন যাতে না করে সে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন অর্থ সচিব আবুর রউফ তালুকদার। এছাড়া ধাপে ধাপে বাকি দাবিগুলোও পূরণ করা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি। অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে বেতন বৈষম্য নিরসন করবেন বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আকরাম আল হোসেন।

মঙ্গলবার প্রাথমিক শিক্ষকদের সঙ্গে পৃথক পৃথক বৈঠকে এ আশ্বাস দিয়েছেন অর্থ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব। এর আগে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন ১৩তম গ্রেডে উন্নীতকরণের প্রস্তাব এবং অর্থ মন্ত্রণালয়ের সম্মতিপত্র প্রত্যাখ্যানের ঘোষণা দেন প্রাথমিক শিক্ষক নেতারা। ওই প্রস্তাব বাদ দিয়ে সহকারী শিক্ষকদের বেতন ১১তম গ্রেডে নির্ধারণ করার দাবি জানিয়েছেন তারা। শিক্ষকরা বলেছেন, সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতন নির্ধারণের দাবিতে দীর্ঘ পাঁচ বছর প্রাথমিক শিক্ষকরা কর্মসূচী পালন করে আসছে। সহকারী শিক্ষকদের ১২তম গ্রেডে বেতন উন্নীতকরণের প্রস্তাব অর্থ মন্ত্রণালয় পাঠানোর উদ্দেয়গ কাম্য নয়। প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোটের সভাপতি শাহীনুর আকতার জানান, ১৩তম গ্রেডে সকল শিক্ষকের বেতন করে যাবে এমন কি ১২তম গ্রেডেও সহকারী শিক্ষকদের ১টি টাকাও বাড়বে না। তাছাড়া প্রধান শিক্ষকদের ১০ম গ্রেডের রায় কার্যকর হলে ১১তম এবং ১০ গ্রেডে টাকার অক্ষে বৈষম্য হবে সাড়ে তিন হাজার টাকা। গ্রেডে বৈষম্য দূর হলেও টাকার অক্ষে এই বৈষম্য থেকেই যাবে। সুতরাং বেতনবৈষম্য নিরসনে ১১তম গ্রেডের কোন বিকল্প নেই।

এমন অবঙ্গায় মঙ্গলবার দুপুরে অর্থ মন্ত্রণালয়ের সচিব আবুর রউফ তালুকদারের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের নেতারা। এ সময় ১৩তম গ্রেডে প্রাথমিক শিক্ষকদের বেতন যাতে না করে সেই ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন অর্থ সচিব। শুধু তাই নয়, ধাপে ধাপে প্রাথমিক শিক্ষকদের বাকি দাবিগুলোও পূরণ করা হবে বলে আশ্বাস দেন তিনি।

বৈঠকে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের আব্দায়ক মোঃ আনিসুর রহমান, সদস্য সচিব মোহাম্মদ শামসুন্দীন মাসুদ, প্রধান মুখ্যপাত্র মোঃ বদরুল আলম, প্রধান উপদেষ্টা আনোয়ারুল ইসলাম তোতা, মুখ্যপাত্র এনএ সিদ্দিকি রবিউল, প্রধান সমন্বয়ক আতিকুল ইসলাম, সদস্য বেগম বাঁধন খান বিভিন্ন উপস্থিতি ছিলেন।

এ সময় তারা অর্থ সচিবের কাছে শিক্ষকদের বিভিন্ন সমস্যা ও ১৩তম গ্রেডে প্রাথমিক শিক্ষকদের বেতন করে যাওয়ার বিষয়টি উপস্থাপন করেন। পরে অর্থ সচিব তাদের দাবি মেনে নেন এবং ১৩তম গ্রেডে বেতন করে যাওয়ার ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দেন। এছাড়াও পর্যায়ক্রমে বাকি দাবিগুলো মেনে নেওয়া হবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি।

অর্থ সচিবের এমন আশ্বাসের পর বাংলাদেশ প্রাথমিক শিক্ষক এক্য পরিষদের নেতারা প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোঃ আকরাম আল হোসেনের সঙ্গে বৈঠক করেন এবং অর্থ সচিবের সঙ্গে বৈঠকের বিষয়টি তাকে অবগত করেন। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোঃ আকরাম আল হোসেন শিক্ষকদের দাবিগুলো সহজে বাস্তবায়নের জন্য ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হবে বলেও আশ্বাস দেন।

অর্থ সচিবের এমন আশ্বাসের পর শিক্ষকদের দাবিগুলো সহজে বাস্তবায়নের জন্য ৫ সদস্যের একটি কমিটি গঠন করে দেয়ার আশ্বাস দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব।

**সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক:** মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), **উপদেষ্টা সম্পাদক:** তোয়াব খান, **নির্বাহী সম্পাদক:** স্বদেশ রায়। **সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি:** ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। **রেজি:** নং ডিএ ৭৯৬। **কার্যালয়:** জনকর্তৃ ভবন, ২৪/

20/11/2019

আন্দোলনৰত প্ৰাথমিক শিক্ষকদেৱ আশ্বস্ত কৱলেন সচিব » অন্য খবৱ » DAILYJANAKANTHA.COM

এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৭৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৭৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

